ইত্তেফাক

022

তারিখ ২৪।৭।৮১
পৃষ্ঠা ... কলাম ...

# নব্বই ভাগ প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষার ফল অপ্রকাশিত—সরকার নির্বিকার

(ইত্তেফাক রিপোর্ট)

প্রাথমিক শিক্ষক ধর্মঘটের এক মাস অতিবাহিত হওয়ায় সারা দেশে শতকরা নব্বই ভাগ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা সম্ভব হয় নাই। গতকাল (শুক্রবার) দুপুরে প্রাথমিক শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলনে এক প্রশ্নের জবাবে সমিতির কর্মকর্তাগণ বলেন যে, ফরিদপুরসহ কতকগুলি জেলায় শতকরা প্রায় দশভাগ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ফলাফল প্রকাশ সম্ভব হইয়াছে। বরিশাল, নোয়াখালী ও ঢাকাসহ অনেক জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে আদৌ ফলাফল প্রকাশ সম্ভব হয় নাই, তাই নূতন ছাত্র-ছাত্রী ভর্তিও করা হইতেছে না।

তাঁহারা বলেন যে, এক মাস-ব্যাপী সারা দেশে প্রাথমিক শিক্ষকদের পূর্ণ ধর্মঘট চলার ফলে কোটি কোটি শিশু বিদ্যালয়ে যাইতে না পারিয়া পথে-প্রান্তরে ঘুরিতেছে। কোটি কোটি টাকার বই-পুস্তক সার্টিফিকেটের অভাবে

(২য় পৃঃ দ্রঃ)

## সরকার নির্বিকার

(১ম পৃঃ পর)

বিক্রি না হওয়ায় পোষ্ট অফিসের গুদামে জমা হইয়াছে। তাঁহারা বলেন: বৎসরের শুরুতে এই যে অরাজকতা ও বিশৃঙ্খলা তাহাতে সরকারের কোন মাথাব্যথা নাই, সরকার নীরব ও নির্বিকার।